জানালা ও জানালার রেস্ট্রিক্টর [নিয়ন্ত্রক] - রক্ষণাবেক্ষণ এবং প্রতিরোধের পলিসি

1. সূচনা

1.1 আমাদের লক্ষ্য হলো, অতি চমৎকার গ্রাহক সেবা [কাস্টমার সার্ভিস] প্রদান করা এবং আমরা জানি যে, সকল বাসিন্দাদের ক্ষেত্রেই সময়মত উচ্চ মানের মেরামত কাজে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন৷

1.2 আমাদের বাসিন্দা, স্টাফ, ঠিকাদার এবং অন্যান্য তৃতীয় পক্ষের স্বাস্থ্যের ঝুঁকি কমাতে ও তাদের কল্যান সাধনের জন্য সেবা দানের ব্যাপারে আমাদের দায়িত্ব রয়েছে। বাড়িওয়ালা হিসেবে আমাদের দায়িত্ব হলো বাসার তত্বাবধান করা থেকে শুরু করে বাসার রক্ষণাবেক্ষণ পর্যন্ত সবকিছু যথাযথ মানের সেবায় উন্নীত করা।

1.3 বর্তমানে বাসা-বাড়িতে উইন্ডো রেস্ট্রিক্টর স্থাপনের জন্য কোন নির্দিষ্ট বিধিবদ্ধ আইনি কাঠামো নেই। 2010 সালের বিল্ডিং রেগুলেশন পার্ট কে [K]-এর বিধানে জানালা ও নিরাপত্তা ডিভাইসের সাথে সম্পর্কিত বিষয়ে জানালা খোলার ব্যাপারে উল্লেখ করে বলা হয়েছে যে, অন্যদের জন্য যাতে বিপদের কারণ না হয়, সেদিকে খেয়াল রেখে জানালা খোলতে হবে। যদিও এই বিধানগুলো জানালা আটকিয়ে রাখা এবং এই ধরনের জানালা নিরাপদে খোলা ও বন্ধ করার সাথে সম্পর্কিত, তথাপিও লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে, 2010 সালের বিল্ডিং রেগুলেশন থেকে বাসস্থানগুলো বিশেষভাবে অব্যাহতিপ্রাপ্ত৷

1.4 তবে আমরা কমিউনাল এরিয়ায় [পঞ্চায়েতি এলাকা] ঝুঁকি কমানোর প্রয়োজনীয়তার পাশাপাশি উইন্ডো রেস্ট্রিক্টর স্থাপন করার গুরুত্ব স্বীকার করি, বিশেষত যেখানে ভাড়াটে এবং ইজারাধারদের মধ্যে উদ্বেগ থাকে বা পরিবারে কেউ কমজোরি [ভালনারেবল] থাকে।

2. পলিসির [কর্মপন্থা] লক্ষ্য ও উদ্দেশ্য

2.1 জানালার নিরাপত্তা নিশ্চিত করার জন্য সিটি কাউন্সিলের দৃষ্টিভঙ্গি এই কর্মপন্থায় ব্যাখ্যা করা হয়েছে। জানালার রেস্ট্রিক্টর ভেঙ্গে গেছে মর্মে রিপোর্ট পেলে আমরা কীভাবে সাড়া দেব এবং আমাদের ভাড়াটেরা আমাদের কাছ থেকে যে সার্ভিস পাওয়ার আশা করেন, তা আমরা কীভাবে পরিচালনা করব, সেই বিষয়ে এই পলিসিতে বিশদ বিবরণ লিপিবদ্ধ আছে।

3. আওতা বা ব্যাপ্তি

3.1 বাসস্থানের জানালা ও জানালার রেস্ট্রিক্টরের সাথে সম্পর্কিত ঝুঁকি, বিশেষত এগুলোর রক্ষণাবেক্ষণ ও ক্ষতিগ্রস্ত বা ত্রুটিপূর্ণ হলে মেরামতের ব্যাপ্তি এই পলিসি কাভার করে।

3.2 এই পলিসি কেবলমাত্র ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের মালিকানাধীন ও তাদের পরিচালিত বাসা-বাড়ি কাভার করে।

3.3 কাউন্সিলের ভাড়াটে ও ইজারাদারদের (আবাসিক) মধ্যে এই পলিসি সীমাবদ্ধ, যারা কাউন্সিলের ভাড়াটে বা ইজারাদার নন, তারা এই পলিসির বাইরে।

3.4 এই পলিসিতে নির্ধারিত সক্রিয় রক্ষণাবেক্ষণের উপাদান কেবলমাত্র বিল্ডিংয়ের ক্ষেত্রে প্রাসঙ্গিক। পলিসিতে নির্ধারিত দৈনন্দিন তাৎক্ষণিক মেরামতের উপাদান কেবল কাউন্সিল পরিচালিত সব বিল্ডিংয়ের ক্ষেত্রে প্রযোজ্য।

4. সংজ্ঞা

- বাড়িওয়ালা [ল্যান্ডলর্ড] (বা সামাজিক বাড়িওয়ালা) এই পলিসির উদ্দেশ্যে নির্ধারিত বাড়িওয়ালা হলো ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিল
- এই পলিসির উদ্দেশ্যে নির্ধারিত বাসিন্দা হলো ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের ভাড়াটে এবং ইজারাধার।
- কমজোরি (বা কমজোর সম্পন্ন মানুষ) - কাউন্সিলের কোন বাসিন্দা, যার এমন কোন বৈশিষ্ট্য রয়েছে - যে বৈশিষ্ট্যের কারণে তিনি এরূপ পরিস্থিতির সাথে মানিয়ে নিতে কম সক্ষম, এতে তার স্বাস্থ্য, নিরাপত্তা বা সুস্থতার উপর প্রভাব পড়তে পারে এবং তার সহায়তার ক্ষেত্রে বর্ধিত চাহিদা রয়েছে।

- উইন্ডো রেস্ট্রিক্টর ডিভাইসের ফলে কোন জানালা নির্দিষ্ট দূরত্বের চেয়ে বেশি খোলা যায় না। এটি সাধারণত 100 মিঃ মিটারে স্থাপন করা হয়। জানালায় রেস্ট্রিক্টর থাকায় কেউ জানালা দিয়ে ভিতরে আসতে বা বাইরে যেতে পারবে না। পূর্বাহ্নে স্থাপন করা উইন্ডো রেস্ট্রিক্ট ডিভাইস (জানালা এবং দরজা - পণ্যের মান, কার্যকারিতা এবং বৈশিষ্ট্যের দিক থেকে) BS EN 14351-1:2006 +A2:2016 -এর এর সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

5. জানালা রেস্ট্রিক্টরের পলিসি, প্রতিশ্রুতি ও নীতিমালা

5.1 ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের (WCC) সকল বাসিন্দাগনের একটি নিরাপদ, উষ্ণ এবং সুরক্ষিত বাসায় বসবাস করা উচিত – যে বাসাটি ভালভাবে রক্ষণাবেক্ষণ করা হয়। আমরা যা কিছু করি, তার কেন্দ্রে আমাদের বাসিন্দাদের অবস্থান থাকে এবং আমাদের সকল স্টাফ তাদের সাথে সহানুভূতি ও সম্মানের সাথে আচরণ করা প্রত্যাশিত। আমরা যেভাবে আমাদের মেরামত সেবা প্রদান করি, তা অবশ্যই প্রধানত মানসম্পন্ন হতে হবে।

5.2 কার্যকর ডেলিভারি

আমরা যে সব বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ, তা হলোঃ

- তথ্য ও নতুন কেপিআই [KPI] পরিকল্পনার উন্নয়ন
- নতুন সমতার প্রভাব মূল্যায়ন
- অভ্যন্তরীণভাবে এবং আমাদের বাসিন্দাদের সাথে যোগাযোগে উন্নয়ন,
- কর্মী প্রশিক্ষণ উন্নত করা

5.3.1 উইন্ডো রেস্ট্রিক্ট ডিভাইস ব্যবহার করার সময়, জানালাটি শুধুমাত্র 100 মিমি খোলার অনুমতি দেওয়া উচিত, তা নিশ্চিত করার জন্য কোন সুনির্দিষ্ট বিল্ডিং রেগুলেশনের প্রয়োজনীয়তা নেই। যাহোক, এই প্রয়োজন অন্যান্য প্রকাশনায় উল্লেখ করা হয়েছে, যা পরোক্ষভাবে মেনে চলার সুযোগ আছে বলে পরামর্শ দেয়ঃ

- বিল্ডিং প্রবিধান - অনুমোদিত ডকুমেন্ট K2, ধারা 3.3a – প্রতিটি শিশুকে সুরক্ষার ব্যবস্থা করে দৃঢ়ভাবে ঘরের ভিতরে রাখার জন্য খোলা জানালার 100 মিমি গমন পথ দিয়ে যাতে যেতে না পারে, তা নিশ্চিত করা
- হাউজিং স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে রেটিং পদ্ধতি, হ্যাজারড [বিপত্তি] নং 22, দুটি স্তরের মধ্যে নিচে পড়ে যাওয়া- ''একটি বাসস্থান বা বিল্ডিংয়ের ভিতরে এবং বাইরে দুটি স্তরের মধ্যে নিচে পড়ে যাওয়া [ফলস] অন্তর্ভুক্ত। বাসস্থানের ভিতর থেকে/বাহিরে পড়ে যাওয়া অন্তর্ভুক্ত, যেমন জানালা/বারান্দা/অভিগম্য ছাদ/ওভার ল্যান্ডিং ব্যালাস্ট্রেড [রেলিং]।'

5.3.2 যেখানে আমরা রেস্ট্রিক্টর বিহীন জানালা সনাক্ত করবো, সেগুলোকে রেস্ট্রিক্টর স্থাপনের প্রোগ্রামে নিয়ে আসা হবে।

6. সক্রিয়ভাবে জানালা রক্ষনাবেক্ষন

6.1 আমাদের সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ বাসা-বাড়ির মধ্যে 6+ তলা উঁচু ব্লক বিল্ডিংয়ের বাসার জানালাগুলোকে 5 বছরের রোলিং [ঘূর্ণায়ন] ভিত্তিতে আমরা প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ করব।

6.2 আমরা আমাদের বাসাবাড়ির কমিউনাল এলাকায় অবস্থিত সব জানালা চাক্ষুষ পরিদর্শনের মাধ্যমে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসাবে বার্ষিক ভিত্তিতে রক্ষণাবেক্ষণ করব। এইভাবে আমরা নিশ্চিত করব যে, জানালাটি কাজ করছে। পরিদর্শন প্রক্রিয়ার অংশ হিসাবে বাসার ক্ষতি হওয়া ও কাজ করতে ব্যর্থ হওয়া জানালা মেরামত ও প্রতিস্থাপনের জন্য নির্ধারিত হবে।

7. জানানার প্রাত্যাহিক মেরামত

7.1 আমাদেরকে যখন কোন পৃথক বাসা বা কমিউনাল এলাকার মধ্যে স্থাপিত কোন জানালার রেস্ট্রিক্টর ডিভাইস সহ ত্রুটিপূর্ণ কোন জানালা সম্পর্কে অবহিত করা হয়, তখন আমরা সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এটি মেরামত করি বা নিরাপদ করি (আমরা এটি রিপোর্ট পাওয়ার 24 ঘন্টার মধ্যে সম্পন্ন করি)।
7.2 যেক্ষেত্রে জানালা মেরামত করা যাবে না, সেক্ষেত্রে মেরামতকারী নিশ্চিতভাবে এটিকে নিরাপদ ও অকার্যকর করবে। উদাহরণস্বরূপ, একটি নতুন জানালা/অংশ লাগানো না হওয়া পর্যন্ত জানালাটিকে কাভার দিয়ে বন্ধ করে দেওয়া হবে।
7.3 যে সব বাসিন্দা জানালার রেস্ট্রিক্টর ডিভাইস চান, তাদের সবার জানালায় রেস্ট্রিক্টর লাগিয়ে দেওয়া হবে। যেসব বাসিন্দার জানালায় রেস্ট্রিক্টর লাগানো হবে, তাদেরকে মেরামতকারী ঐ ডিভাইস লাগানো সম্পর্কে অবহিত করবে এবং তিনি ঐ ডিভাইসের প্রস্তুতকারকের নাম ও ব্যবহারকারীর নির্দেশনার একটি কপি তাদেকে দিয়ে আসবেন।
7.4 এই অফারটি নিয়মিতভাবে আমাদের সাধারণ আবাসিক যোগাযোগ চ্যানেলের মাধ্যমে প্রচার করা হবে।
7.5 আমাদেরকে যখন একটি নির্দিষ্ট সমস্যা বা কোন ব্যক্তির কমজোরি অবস্থা সম্পর্কে অবগত করে জানানো হয় যে, জানালা দিয়ে কেউ নিচে পড়ে যাওয়ার ঝুঁকি হয়তো বেড়েছে, তখন আমরা জানালায় রেস্ট্রিক্টর ডিভাইস লাগানোর দিকে নজর দেই।

8. খালি বাসা

8.1 আমাদের খালি বাসা-বাড়ি ব্যবস্থাপনা প্রক্রিয়ার অংশ হিসাবে আমরা পুনরায় বাসাটি ভাড়া দেওয়ার আগে জানালার রেস্ট্রিক্টর লাগানো নিশ্চিত করবো।

9. ছোট্ট শিশু ও প্রতিবন্ধী শিশু

9.1 অল্পবয়সী শিশু ও প্রতিবন্ধী শিশু, যাদের অতিরিক্ত চাহিদা রয়েছে এবং যারা কমজোরি, তাদের জন্য নিরাপদ জানালা না হলে, অথবা জানালায় উপযুক্ত কার্যকর রেস্ট্রিক্টর লাগানো না হলে, তারা বর্ধিত ঝুঁকিতে থাকবেন। এই অবস্থায় তাদের হয়তো কোন সুনির্দিষ্ট অ্যাডাপ্টেশনের [অভিযোজন] প্রয়োজন হতে পারে, তাই তাদের অ্যাডাপ্টেশনের অবস্থা মূল্যায়নের জন্য আমরা হাউজিং অ্যাডাপ্টেশন টিমের সাথে যোগাযোগ করব।

9.2 চিলড্রেনস অ্যান্ড অ্যাডাল্ট কেয়ারের স্টাফ সহ বাসায় পরিদর্শনকারী কাউন্সিলের অন্যান্য স্টাফদেরকেও তাদের ভিজিট করা বাসায় এই ধরনের কোন সমস্যা থাকলে, তা হাউজিংয়ে রিপোর্ট করতে বলা হবে। এছাড়া ভাড়াটেদের মধ্যে কমজোরি, প্রতিবন্ধী এবং স্বাস্থ্যগত সমস্যা থাকলে, তাও হাউজিংয়ে রিপোর্ট করতে পরামর্শ দেওয়া হবে।

10. ইজারাদার

10.1 ইজারাদারদেরকে রিচার্জের ভিত্তিতে তাদের বাসায় জানালায় রেস্ট্রিক্টর ডিভাইস লাগানোর সুযোগ দেওয়া হবে।

10.2 কমিউনাল এলাকায় জানালায় রেস্ট্রিক্টর লাগানোর খরচ লিজহোল্ড সার্ভিস চার্জ প্রক্রিয়ার

অংশ হিসাবে আদায় করা হবে।

11. সমতা, বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তি

11.1 আমরা 2010 সালের সমতা আইনের [ইকুয়ালিটি এক্ট] অধীনে সুরক্ষিত বৈশিষ্ট্যযুক্ত ব্যক্তিদের উপর এই পলিসির ইতিবাচক ও নেতিবাচক প্রভাবগুলো বিবেচনা করার জন্য ইকুয়ালিটি ইমপ্যাক্ট এসেসমেন্ট [সমতার প্রভাব মূল্যায়ন] করেছি। এই মূল্যায়ন চালিয়ে আমরা এই সিদ্ধান্তে পৌঁছেছি যে, এই পলিসি বাস্তবায়ন সার্ভিস/প্রক্রিয়ায় অ্যাক্সেস করতে সমস্যা নেই বা "যেকোনো সুরক্ষিত গ্রুপের" জন্য অনিচ্ছাকৃতভাবে অসুবিধাগুলো উপস্থাপন করবে না।

11.2 সকল বাসিন্দাদের সাথে সমানভাবে আচরণ করার লক্ষ্যে এবং সুবিবেচনাসহ সার্ভিসের ব্যর্থতা বা ক্ষতির প্রভাবগুলো মূল্যায়ন করার জন্য এই পলিসি প্রণয়ন করা হয়েছে, যাতে সবগুলোর সমাধান করার জন্য আমাদেরকে এক সাইজ প্রয়োগ করতে না হয়।

11.3 কাউন্সিল অফিসার প্রয়োজনবোধে বাসিন্দাদের সাহায্য করবে, উদাহরণস্বরূপ, কাগজপত্র সম্পন্ন করে বা অনুবাদ সেবা প্রদান করে সাহায্য করবে।

12. যোগাযোগ

12.1 আমরা আমাদের ওয়েবসাইট, লিফলেট, সাধারণ ইংরেজিতে সারাংশ গাইড ও আবাসিক নিউজলেটার সহ বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে এই পলিসির তথ্য প্রদান করবো।

13 ডেটা সুরক্ষা

13.1 ডাম্প ও ছত্রাকের সমস্যা সমাধানের জন্য আমাদের অফিসার ও অংশীজনের সাথে তথ্য শেয়ার করার প্রয়োজন হলে এটি ডেটা সুরক্ষার প্রয়োজনীয়তার সাথে সঙ্গতি রেখে ঐ সব তথ্য শেয়ার করা হবেঃ

- ডেটা আইনত, ন্যায্যভাবে এবং স্বচ্ছ পদ্ধতিতে প্রক্রিয়া করা হবে।
- ডেটা সুনির্দিষ্ট ও বৈধ উদ্দেশ্যে সংগ্রহ করা হয় এবং এই উল্লেখিত উদ্দেশ্য ছাড়া অন্য কিছুর জন্য ব্যবহার করা হয় না।
- ডেটা প্রাসঙ্গিক এবং যে প্রয়োজনীয়তার জন্য প্রক্রিয়া করা হয়, তাতে সীমাবদ্ধ।

13.2 ডেটা সুরক্ষার ব্যাপারে কাউন্সিলের দায়িত্ব সম্পর্কে আরও তথ্য জানতে দয়া করে নিম্নের ওয়েবসাইট ভিজিট করুনঃ https://www.westminster.gov.uk/data-protection

14. প্রশিক্ষণ

14.1 আমরা এই পলিসি বাস্তবায়নের জন্য দায়ীত্বশীল সকল স্টাফকে ব্যাপক প্রশিক্ষণ দান করব এবং এই পলিসির সাথে সংগতি বজায় রাখা নিশ্চিত করতে আমরা মেরামত প্রক্রিয়া যথেষ্ট শক্তিশালী করবো। উপরন্তু, পূর্ববর্তী ব্যর্থতা থেকে শিক্ষা গ্রহণ করে স্টাফদের নির্দেশনা এবং প্রশিক্ষণ দিয়ে চলমান সার্ভিসের মান উন্নত করা হবে আমাদের প্রতিশ্রুতির অংশ।

15. পর্যবেক্ষণ এবং শিক্ষা

15.1 এই পলিসিটি কঠোরভাবে বাস্তবায়িত করা নিশ্চিত করতে আমরা নিম্নলিখিত সূচকগুলোর বিপরীতে সম্পাদিত কাজ পর্যবেক্ষণ করবঃ

- পরিদর্শন করা বাসস্থানের সংখ্যা
- সমাপ্ত করা মেরামতের সংখ্যা

- পরিদর্শন করা কমিউনাল এলাকার সংখ্যা
- রেস্ট্রিক্টর লাগানো ভবনের সংখ্যা

15.1.1 পর্যবেক্ষণ কাঠামোর লক্ষ্য হল:

- জানালার রেস্ট্রিক্টরের সাথে সম্পর্কিত অ্যাডহক মেরামত হ্রাস করা
- জানালার রেস্ট্রিক্টরের ব্যাপারে পুনরায় ভিজিট হ্রাস করা
- জানালার রেস্ট্রিক্টরের সাথে সংযুক্ত মেরামত না করার ঘটনা হ্রাস করা

15.2 আমরা আমাদের বাসিন্দাদের জন্য আমাদের সার্ভিসের মান ক্রমাগত উন্নত করতে সার্ভিসের ব্যর্থতা সম্পর্কে তথ্য পেতে পূর্ববর্তী ঘটনা ও অভিযোগ থেকে অর্জিত শিক্ষা ব্যবহার করবো। এই পলিসির অংশ হিসাবে, অ্যাক্সেস, অভিজ্ঞতা এবং/অথবা সাপোর্টের সাথে যুক্ত যকোন বৈষম্য থাকলে, তা জানতে আমরা আগ্রহী এবং আমরা এই জাতীয় সমস্যাগুলো চিহ্নিত করতে প্রক্রিয়াগুলো চালু করব।

15.3 এছাড়াও, আইনী ও নিয়ন্ত্রণ বিষয়ক প্রয়োজনীয়তা এবং সর্বোত্তম প্র্যাকটিসের উন্নয়ন সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত করার জন্য হাউজিং ইনোভেশন এবং ইমপ্রুভমেন্ট টিম এই পলিসিটি বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা করবে।